থানা- তেজগাঁও অধীন, সাফ-কবলা দলিল

মূল্য মং- ২০,০০০/- (বিশ হাজার) টাকা

বিক্রিত জমির পরিমান- ৫৪ শতাংশ মাত্র।

নামঃ............., পিতাঃ....................ঠিকানাঃ.................. জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম- ইসলাম, পেশা- ব্যবসা।

**দলিল গ্রহিতা ॥**

নামঃ............., পিতাঃ....................ঠিকানাঃ.................. জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম- ইসলাম, পেশা- ব্যবসা।

**দলিল দাতাগণ ॥**

কস্য স্থিতিবান রায়তি জোত স্বত্ত্বে নাল জমি সাব বিক্রয় কবলা দলিল পত্র মিদং কার্যঞ্চাগে যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে আমরা অত্র দলিল দাতাগন পৈত্রিক ওয়ারিশ সূত্রে নিয়ত থাকাবস্থায় বিগত এস. এ. ও আর. এস জরিপে আমাদের নিজ নিজ নামে শুদ্ধরূপে রেকর্ডভূক্ত করাইয়া দ্বাদশবর্ষের বহু উর্দ্ধকাল যাবৎ খাজনাদি আদায়ান্তে চেক দাখিলা গ্রহণ করিয়া অন্যের নিরাপত্তে ও নির্বিবাদে পরম সুখে শান্তিতে ভোগ দখল করিয়া আসিতেছি। এইক্ষণে আমাদের সাংসারিক নানাবিধ বৈধ কারণে নগদ টাকার একান্ত আবশ্যক হওয়ায় অন্যত্র টাকা জোগাড় করিতে না পারিয়া আমাদের স্বত্ত্ব দখলীয় নিম্ন তফসিল বর্ণিত জোত সম্পত্তি যাহা ঘরোয়া আপোষ বন্টনে আমার ১ হইতে ৩নং দাতাগণের উত্তরাংশের ছাহাম প্রাপ্ত ২৭ শতাংশ ও আমরা ৪ হইতে ৬নং দলিল দাতাগণের দক্ষিণাংশ ২৭ শতাংশ। একুনে সর্ব মোট ৫৪ শতাংশ জমি বিক্রয় করার প্রস্তাব ঘোষণা করিলে পর আপনি অত্র দলিল গ্রহিতা তাহা জানিতে পারিয়া বর্তমান বাজারে সর্বোচ্চ উচিত মূল্যে খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করিয়া উহার বর্তমান বাজার মূল্য মং ২০,০০০/- (বিশ হাজার) টাকা স্থির করিয়াছেন।

চলমান পাতা # ২

বর্তমান বাজার যাচাই অন্তে আপনার কথিত মূল্যই সর্বোচ্চ উচিত মূল্য বলিয়া বিবেচনায় হওয়ায় অদ্য রোজ হাজিরান মজলিশে স্বাক্ষীগণের মোকাবেলায় স্থীরকৃত মূল্যের সর্ব সাকুল্য টাকা মং ২০,০০০/- (বিশ হাজার) টাকা নগদ এককালীণ বুঝিয়া পাইয়া ও নিয়া অদ্যই উহা আপনি অত্র দলিল গ্রহিতার নিকট সাফ বিক্রয় করিলাম এবং উহার খাস দখল স্বত্ব বুঝাইয়া দিয়া সর্ব ওয়ারিশানগণক্রমে উহা হইতে চিরতরে নিঃস্বত্ববান হইলাম ও হইলেক। অদ্য হইতে আপনি অত্র দলিল গ্রহিতা নিম্ন তফসিল বর্ণিত বিক্রিত সম্পত্তিতে খরিদ সূত্রে ও আমাদের যৎ যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক ও দখলকার নিয়ত হইয়া উপরস্থ মালিকান সরকারের সেরেস্তায় আমাদের নাম খারিজে আপনার নিজ নাম জারিক্রমে খাজনাদি আদায় অন্তে চেক দাখিলা গ্রহণে আপনি ও আপনার নিজ পুত্র পৌত্রাদি স্থলবর্তী ও পরবর্তী ওয়ারিশগণক্রমে দান বিক্রয় ইত্যাদি সর্বপ্রকার ক্ষমতা হস্তান্তরে ও রূপান্তরের ক্ষমতা ধারণে  পরম সুখে শান্তিতে ভোগ দখল করিতে থাকিবেন ও থাকিবেক। উহাতে আমরা কি আমাদের স্থলবর্তী ও পরবর্তী ওয়ারিশানগণ কাহারো কোন প্রকার ওজর আপত্তি কিংবা দাবি দাওয়া কিছুই রহিল না বা করিলেও তাহা সর্ব আদালতে বাতিল বলিয়া গণ্য হইবে ও হইবেক।

প্রকাশ থাকে যে, তফসিল বর্ণিত বিক্রিত সম্পত্তি ইতিপূর্বে অন্যত্র কোথাও কাহারো নিকট কোন প্রকার হস্তান্তর কিংবা দায় গ্রস্থ করি নাই। সম্পূর্ণ নির্দায়ী ও নিস্কন্টক অবস্থায় আছে প্রকাশে আপনি আমাদের কথার সরল বিশ্বাসে বিশ্বস্ত হইয়া অফিস আদালত বিনা অনুসন্ধানে অত্র সম্পত্তি খরিদ করিলেন। আমাদের কৃত কার্যের দরুণ ভবিষ্যতে কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইলে তঞ্চকতার অপরাধে সর্ব আইন আদালতে দন্ডনীয় ও দায়ী থাকিব এবং থাকিবেক ও আপনার ময় ক্ষতিপূরণ সহ আদায় দিতে বাধ্য রহিলাম।

এতদ্বার্থে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিল পাঠ করিয়া ও পাঠ করাইয়া, শুনিয়া, উহার সম্যক মর্ম ভালভাবে অবগত হইয়া বিক্রির সমুদয় টাকা নগদ হাতে হাতে বুঝিয়া পাইয়া উপস্থিত স্বাক্ষরকারী স্বাক্ষীগণের মোকাবেলায় অত্র বিক্রয় দলিল সহি সম্পাদন করিলাম। ইতি, তারিখঃ-

চলমান পাতা # ৩

**-ঃতফসিল পরিচয়ঃ-**

জিলা-ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস সাবেক তেজগাঁও ও হালে ডেমরা অধীন ঢাকা কালেক্টরীর ৫৫৫নং তৌজিভূক্ত সেটেলমেনর্ট ৫৫৫৮নং মৌজা-দক্ষিণগাঁও স্থিত। সি. এস. ৮৮ নং তৎপর এস. এ. ৫৫৫ ও হালে ডিপি ১১১নং খতিয়ানে লিখিত সাবেক ২২২ নং দাগে ১ (ষোল) আনা ৭০০০ শতাংশ যাহা বর্তমান হাল আর. এস. ১৫৪৮নং দাগে ১ (ষোল) আনার কাতে ৫৪ শতাংশ জমি অত্র দলিল দ্বারা সাফ বিক্রিত বটে। যাহার বার্ষিক খাজনা ২.৫০ টাকা। সি. ও. রেভিঃ তেজগাঁও সরকারে আদায়কৃত বটে।

| | | |
|---|---|---|
| যাহার চৌহুদ্দীঃ | উত্তরেঃ বক্কেশ্বর রায় | দক্ষিণে ঃ অন্য মৌজা |
| | পূর্বেঃ ১২৬২নং দাগ | পশ্চিমেঃ রাস্তা। |

অত্র দলিল (    ) ফর্দে
এবং (      ) জন স্বাক্ষী বটে।

স্বাক্ষীগণের নাম ঠিকানা ও
স্বাক্ষর

ইসাদি

১। মোঃ আক্কেল আলী
সাং বেগুন বাড়ী,
থানা- ডেমরা ঢাকা।

২। আব্দুল মান্নান মিয়া
সাং মানিক দিয়া,
থানা- ডেমরা, ঢাকা।

৩। রাম চন্দ্র দাস,
পিতা মৃত ইন্দ্র মোহন মন্ডল
সাং দক্ষিনগাঁও মাতবর বাড়ী,
থানা- ডেমরা, ঢাকা।

লেখক ও স্বাক্ষী
শ্রী অভিমান্য সরকার

# <u>হলফনামা</u>

১। মনিন্দ্র চন্দ্র বাড়ৈ, ২। মঙ্গল বাড়ৈ, ৩। ধনঞ্জয় চন্দ্র বাড়ৈ, স্বর্ব পিতা- মৃত নন্দ কুমার বাড়ৈ, ৪। গোপাল চন্দ্র বাড়ৈ, ৫। অভিনাশ বাড়ৈ, ৬। ফুলচান বাড়ৈ, সর্বপিতা মৃত- দয়াল বাড়ৈ, সর্ব্ব সাং- দক্ষিণ গাঁও, ইউনিয়ন- ডেমরা, থানা- ডেমরা, জিলা- ঢাকা, জাতিয়তা- বাংলাদেশী, ধর্ম-হিন্দু পেশা- ব্যবসা ও গৃহস্থি।

আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ বাংলাদেশের আনুগত্য স্বীকারে স্থায়ী বাসিন্দা ও জাতীতে বাংলাদেশের বটে।

১। যে স্থাবর সম্পত্তি হস্তান্তর করা হইতেছে-

ক) তাহা বাংলাদেশ দালাল আইন ১৯৭২ সনের রাষ্ট্র প্রধানের ৮নং আদেশ বলে আটক করা হয় নাই।

খ) তাহা বাংলাদেশ সম্পত্তি পরিত্যক্ত আইন ১৯৭২ সনের রাষ্ট্র প্রধানের ১৬নং আদেশের সঙ্গানুযায়ী পরিত্যক্ত সম্পত্তি নহে।

গ) প্রচলিত কোন আইন অনুসারে তাহা সরকারের বর্তায় নাই বা বাজেয়াপ্ত করা হয় নাই।

ঘ) তাহা দলিলে নির্ভুলভাবে দলিলে বর্ণনা করা হইয়াছে। তাহার মূল্যও কম দেখানো হয় নাই এবং তাহা আমার হস্তান্তর করিবার পূর্ণ অধিকার আছে।

২। প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ভূমি সর্বোচ্চ সীমা নির্ধারণ আইন ১৯৭২ সনের রাষ্ট্র প্রধানের ৯৮নং আদেশ ৫ (ক) ধারা অনুসারে তাহা বাতিল যোগ্য নয়। অন্য কোন আইনের পরিপন্থী নয়।

আমরা প্রতিজ্ঞা পূর্বক বলিতেছি যে, উপরোক্ত বর্ণনা আমরা জ্ঞান, বিশ্বাস মতে সম্পূর্ণ সত্য এবং অদ্য রোজ সাব-রেজিষ্ট্রার সাহেবের সম্মুখে হাজির হইয়া অত্র হলফনামা সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি, তাং-

সনাক্তকারীর স্বাক্ষরঃ

রাম চন্দ্র দাস

পিতা মৃত ইন্দ্র মোহন মন্ডল

সাং দক্ষিণগাঁও (মাতবর বাড়ী)

ডেমরা, ঢাকা।

হলফকারীর স্বাক্ষর